# ভেড়ামারা পৌরসভা কার্যালয়

## ভেড়ামারা, কুষ্টিয়া।

স্মারক নং-ভেপৌঃ/ইজারা বিজ্ঞপ্তি-০০.৪০.৫০১৫.০২০..০০.০০২-২৬/৪৫ তারিখঃ- ১৭/০২/২০২৬ খ্রিঃ।

### বাংলা ১৪৩৩ সনের জন্য ভেড়ামারা পৌরসভার হাট-বাজার ইজারা বিজ্ঞপ্তি।

বিজ্ঞপ্তি নং- ০১/২০২৫-২০২৬।

এতদ্বারা সর্ব সাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে, ভেড়ামারা পৌরসভার নিম্ন বর্ণিত হাটবাজার সমুহ আগামী বাংলা ১৪৩৩ সনের ১লা বৈশাখ হইতে ৩০ শে চৈত্র পর্যন্ত ০১ (এক) বৎসর মেয়াদে ইজারা বন্দোবস্ত দেওয়ার নিমিত্তে নিম্ন বর্ণিত তারিখ নির্ধারন পূর্বক প্রকৃত দরদাতাগণের নিকট হইতে পৌরসভার নির্ধারিত ফরমে সীলমোহরযুক্ত খামে দরপত্র আহবান করা যাচ্ছে। দরপত্র সিডিউল দরপত্র দাখিলের পূর্বদিন অফিস চলাকালীন সময় পর্যন্ত (১) ভেড়ামারা পৌরসভা কার্যালয় (হিসাব শাখা), (২)উপ-পরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, কুষ্টিয়া (৩) ভেড়ামারা উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, (৪) সহকারী কমিশনার (ভূমি), ভেড়ামারা এর কার্যালয়, (৫) ভারপ্রাপ্ত কর্মকর্তা, ভেড়ামারা থানা, ৬। ব্যবস্থাপক, সোনালী ব্যাংক, ভেড়ামারা শাখা, ভেড়ামারা হইতে নির্ধারিত মূল্যে (অফেরতযোগ্য) ক্রয় করা যাইবে। দরপত্র দাখিলের নির্ধারিত তারিখে বেলা- ১-০০ ঘটিকা পর্যন্ত (১) প্রশাসক, ভেড়ামারা পৌরসভা কার্যালয়, (২) উপ-পরিচালক, স্থানীয় সরকার,জেলা প্রশাসকের কার্যালয়, কুষ্টিয়া (৩) ভেড়ামারা উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, ভেড়ামারা এঁর অফিস কক্ষে রক্ষিত দরপত্র বাক্সে দরপত্র দাখিল করা যাইবে এবং ঐদিনই বেলা-২.৩০ ঘটিকায় দরপত্র দাতাগনের (যদি কেহ উপস্থিত থাকেন) সম্মুখে নিম্ন স্বাক্ষরকারীর অফিসে দরপত্র বাক্স খোলা হইবে। কাঙ্খিত সরকারি মূল্য অপেক্ষা দাখিলকৃত দর কম হইলে উক্ত দরপত্র গৃহীত হইবে না এবং দাখিলকৃত জামানত ফেরৎ দেওয়া হইবে। ১ম বার দরপত্র দাখিলে উপর্যুক্ত দর পাওয়া না যায় তাহা হইলে অত্র বিজ্ঞপ্তির ২য় বার ও ৩য় বার নির্ধারিত তারিখ কার্যকর হইবে। প্রতি বারেই দরপত্র সিডিউল ক্রয় করিতে হইবে। ১ম বারে কোন হাট-বাজারের দাখিলকৃত দর অনুমোদিত হলে ২য় ও ৩য় বার আর দাখিলের প্রয়োজন নাই। এ বিষয়ে কর্তৃপক্ষের যে কোন সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া বিবেচিত হইবে। বিস্তারিত তথ্য অফিস চলাকালীন সময়ে অত্র পৌরসভা কার্যালয় হতে জানা যাবে।

দরপত্র দাখিলের তারিখ সমুহ নিম্নরুপ ঃ

| ক্রঃ নং | হাট-বাজারের নাম | দরপত্র দাখিলের তারিখ (১ম বার) | দরপত্র দাখিলের তারিখ (২য় বার) | দরপত্র দাখিলের তারিখ (৩য় বার) | কাঙ্খিত মূল্য বিগত ৩ (তিন) সনের গড়মূল্য ৬% বৃদ্ধি সহ | সিডিউলের মূল্য |
|---|---|---|---|---|---|---|
| ১. | সিরাজুল হক (দুদু) ঢাকা কোচ ষ্ট্যান্ড | ০২-০৩-২০২৬ | ১১-০৩-২০২৬ | ১৬-০৩-২০২৬ | ৭,৯৭,৫৪৪/- | ২,৫০০/- |
| ২ | টিএটি রোডে অবস্থিত ভেড়ামারা তহ বাজার | ০২-০৩-২০২৬ | ১১-০৩-২০২৬ | ১৬-০৩-২০২৬ | ১৭,১৭,৬২৪/- | ৪,০০০/- |
| ৩. | ঢাকা কোচষ্ট্যান্ড সংলগ্ন গণসৌচাগার। | ০২-০৩-২০২৬ | ১১-০৩-২০২৬ | ১৬-০৩-২০২৬ | ২,৫৫,৪৬০/- | ৬০০/- |
| ৪. | ভেড়ামারা বাসষ্ট্যান্ড সংলগ্ন গণসৌচাগার। | ০২-০৩-২০২৬ | ১১-০৩-২০২৬ | ১৬-০৩-২০২৬ | ২,০০,০০০/- | ১,৫০০/- |
| ৫. | পৌরমার্কেট সংলগ্ন গণসৌচাগার। | ০২-০৩-২০২৬ | ১১-০৩-২০২৬ | ১৬-০৩-২০২৬ | ৪,১০০/- | ৬০০/- |
| ৬. | রেল স্টেশন ০২ নং প্লাট ফর্ম সংলগ্ন গণসৌচাগার | ০২-০৩-২০২৬ | ১১-০৩-২০২৬ | ১৬-০৩-২০২৬ | ৪,০০০/- | ৬০০/- |

'ইজারার শর্তাবলী'

১। বাংলা ১৪৩৩ সনের ১লা বৈশাখ হতে ৩০শে চৈত্র ০১ (এক) বৎসর মেয়াদকালে জন্য হাটবাজার ইজারা দেওয়া হইবে।

২। ইজারা নেয়ার নিমিত্তে দরপত্র দাতাকে দাখিলকৃত দরপত্রে উল্লেখিত দরের সমুদয় টাকাসহ উল্লেখিত দরের উপর সরকারী ভ্যাট বাবদ ১৫% ও আয়কর বাবদ ১০% এবং ৫% জামানতসহ ১০০% (শত ভাগ) অর্থ যে কোন তফসিলী ব্যাংক হইতে ব্যাংক ড্রাফট এর মাধ্যমে প্রশাসক, ভেড়ামারা পৌরসভার অনুকলে জমা দিতে হইবে। ইহার অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলিয়া গন্য হইবে। উক্ত টাকা হইতে ৫% অর্থ জামানত হিসাবে সংরক্ষিত থাকবে। ইজারা গ্রহীতা নিয়মিত হাট-বাজার নিজ খরচে পরিস্কার না করিলে বা অন্য কোন ক্ষতি সাধন করিলে উক্ত জামানত হইতে তাহা মিটানো হইবে। বৎসর সমাপনান্তে অব্যবহৃত টাকা জমাকারীর বরাবরে প্রত্যার্পণ করা হইবে।

৩। প্রাপ্ত দরপত্রের সর্বোচ্চ দর গ্রহন করা হইবে এবং উক্ত দর দরপত্র দাখিলের নির্ধারিত ১ম, ২য় ও ৩য় বার প্রাপ্ত দর যদি সংশ্লিষ্ট হাট-বাজারের পূর্ববর্তী ৩ (তিন) বৎসরের গড় ইজারা মূল্য (সরকারি মূল্য) হইতে কম হয় তাহা হইলে পুনরায় দরপত্র আহবান করা হইবে। দ্বিতীয় বার দরপত্র আহবান সত্বেও যদি প্রাপ্ত সর্বোচ্চ দর পূর্ববর্তী তিন বৎসরের গড় ইজারা মূল্য হইতে কম হয় তাহা হইলে ইজারা প্রদানের কার্যক্রম কাঙ্খিত ইজারা মূল্য না পাওয়া পর্যন্ত অব্যাহত থাকিবে।

৪। এক বাজারের জন্য ক্রয়কৃত দরপত্র আরেক বাজারের জন্য দরপত্র হিসাবে ব্যবহার করা যাইবে না। দরপত্র গ্রহনের দিন কোন দরপত্র সিডিউল বিক্রয় করা হইবে না। এক দফার জন্য বিক্রয়কৃত দরপত্র অত্র দফায় অন্তর্ভূক্ত বাজারের দরপত্র হিসাবে ব্যবহার করা যাইবে না।

৫। খামের উপর দরপত্র দাতার নাম, ঠিকানা ও ইজারার নাম স্পষ্ট ভাবে উল্লেখ করিতে হইবে।

৬। সরকার অনুমোদিত টোল রেট মোতাবেক টোল আদায় করিতে হইবে। বিনা রশিদে টোল আদায় করা যাইবে না। ইজারাদার নিজ খরচে বাজারে দৃশ্যমান একাধিক স্থানে টোল চার্ট টাঙ্গাইয়া প্রচার করিবেন।

৭। প্রত্যেক বাজারের জন্য পৃথক পৃথক সীল মোহরকৃত খামে দরপত্র দাখিল করিতে হইবে। দরপত্র দাতাকে দরপত্রের প্রতি পৃষ্ঠায় স্বাক্ষর করিতে হইবে।

৮। ইজারাদার কোনক্রমেই হাট-বাজার অন্যের নিকট সাব লীজ দিতে পারিবেন না। যদি অনুরুপ কোন প্রকার কার্যকলাপ পরিলক্ষিত হয় অথবা চুক্তিপত্রের শর্ত লংঘন করা হয় তাহা হইলে ইজারা বাতিল বলিয়া গন্য হইবে।

৯। নির্বাচিত ইজারার ৩ (তিন) কার্য দিবসের মধ্যে ৩০০/= টাকার নন-জুডিশিয়াল ষ্ট্যাম্পে পৌরসভার সাথে ইজারা চুক্তি সম্পাদন করিবেন।

১০। দুই বা ততোধিক দরপত্র দাতার দর সর্বোচ্চ বা একই হলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া গন্য হইবে।

১১। ইজারাদার নিজ খরচে পরিস্কার -পরিচ্ছন্ন বজায় রাখিবেন।

১২। ইজারাদার নিজ খরচে একটি পরিদর্শন রেজিষ্টার সংরক্ষন করিবেন।

১৩। কোন প্রকার ঘসা-মাজা, কাটাকাটি, লেখার উপর লেখা দরপত্র গ্রহন যোগ্য হইবে না।

১৪। নির্ধারিত কর্তৃপক্ষ কর্তৃক হাট-বাজার ইজারা অনুমোদিত না হইলে ইজারা বাতিল বলিয়া গন্য হইবে এবং দখলকৃত সময়ে হারাহারি ভাবে ইজারার অর্থ কর্তন পূর্বক বাকী জমাকৃত অর্থ ইজারাদারকে প্রদান করা হইবে।

১৫। হাট-বাজারের ইজারার টাকা সরকারি দাবী আদায় আইন অনুযায়ী সার্টিফিকেট মামলার মাধ্যমে আদায় করা যাইবে।

১৬। কর্তৃপক্ষ কোন কারন দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহন বা বাতিলের ক্ষমতা সংরক্ষন করেন।

১৭। সরকারি হাট-বাজার ইজারা প্রদান সংক্রান্ত নীতিমালা-২০১১ ও পরিপত্র যথাযথ অনুসরন করা হইবে।

১৮। বৈদ্যুতিক বিল পরিশোধ করা ইজারাদারের দায়িত্ব।

১৯। এনআইডি কার্ডের ফটোকপি সংযুক্ত করতে হবে।

১৭/২/২৬

রফিকুল ইসলাম
প্রশাসক
ভেড়ামারা পৌরসভা, কুষ্টিয়া
ও
উপজেলা নির্বাহী অফিসার
ভেড়ামারা, কুষ্টিয়া।